

শিক্ষার্থী:

গ্রেড:

অফিশিয়াল ক্লাস:

শিক্ষক:

স্কুল:

তারিখ:

প্রিয়

আমরা আপনাকে NYC স্কুলস অ্যাকাউন্ট খোলার জন্য আমন্ত্রণ জানাচ্ছি, যেটা আপনাকে নতুন উপায়ে আপনার সন্তানের অগ্রগতি সংক্রান্ত তথ্য জানার সুযোগ দেবে। NYC স্কুলস অ্যাকাউন্ট দিয়ে, আপনি আপনার সন্তানের তথ্য কম্পিউটার, ফোন অথবা ট্যাবলেটে দশটি ভাষার যে কোনো একটিতে দেখতে পাবেন।

নিচের পদক্ষেপগুলো গ্রহণ করে ইন্টারনেট সংযোগ রয়েছে এমন যে কোনো কম্পিউটার বা ডিভাইস থেকে অ্যাকাউন্ট খুলতে পারবেন:

1. <https://mystudent.nyc> ওয়েবসাইট দেখুন এবং লগইন পেইজে “Create account (অ্যাকাউন্ট তৈরি করুন)” লিংক বেছে নিন।
2. আপনার সন্তানের 9 ডিজিট স্টুডেন্ট ID এন্টার করুন। আপনি আপনার সন্তানের ID নাম্বার তার রিপোর্ট কার্ডে পাবেন। যদি আপনার কাছে আপনার সন্তানের ID নাম্বার না থেকে থাকে, তবে আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করুন।
3. আপনার এবং আপনার সন্তানের জন্য সুনির্দিষ্ট অ্যাকাউন্ট তৈরি করার কোডটি লিখুন:

অ্যাকাউন্ট ক্রিয়েশন কোড:

4. “পরবর্তী” বেছে নিন।
5. আপনার ইমেইল ঠিকানা ও পাসওয়ার্ড লিখুন এবং সুনিশ্চিত করুন।
6. “অ্যাকাউন্ট তৈরি করুন বা Create Account” বেছে নিন।

আপনার যদি NYC পাবলিক স্কুলে একটির বেশি সন্তান থাকে, তাহলে আপনাকে একটি চিঠিতে প্রত্যেক সন্তানের জন্য আলাদা কোড সরবরাহ করা হবে। আপনাকে অ্যাকাউন্ট তৈরি করার জন্য শুধু উপরের 2 ও 3 ধাপে আপনার যেকোন একজন সন্তানের স্টুডেন্ট ID ও অ্যাকাউন্ট তৈরির কোড বা অ্যাকাউন্ট ক্রিয়েশন কোড লিখতে হবে। অ্যাকাউন্ট তৈরি করার পর আপনি আপনার অবশিষ্ট সন্তানদের স্টুডেন্ট ID ও অ্যাকাউন্ট তৈরি করার কোড “আমার অ্যাকাউন্ট ব্যবস্থাপনা বা Manage My Account” পেইজে লিখে তাদেরকে যুক্ত করতে পারেন। অ্যাকাউন্ট তৈরি করার কোড আপনার এবং আপনার সন্তানের জন্য অনন্য বা ইউনিক এবং তা অপরের সাথে শেয়ার করা উচিত হবে না। এই চিঠিতে যে পিতামাতার নাম উল্লিখিত আছে আপনি যদি সেই ব্যক্তি না হন, তাহলে আপনার সন্তানের রেকর্ড জানতে সহায়তা লাভে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ অথবা 311 নম্বরে ফোন করুন।

আমরা আশা করছি যে, আপনার NYC স্কুলস অ্যাকাউন্ট আপনার সন্তানের শিক্ষায় অংশগ্রহণে আপনাকে একটি মূল্যবান উপায় জোগাবে। আমরা আপনাকে আরো তথ্য জানার জন্য <https://mystudent.nyc> ওয়েবসাইটে যেতে আমন্ত্রণ করছি। আপনার অ্যাকাউন্ট নিয়ে কোনো প্রশ্ন থাকলে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ অথবা 311 নম্বরে ফোন করুন। আপনার যদি ইংরেজি ব্যতীত অপর একটি ভাষায় অ্যাকাউন্ট খুলতে সহায়তা প্রয়োজন হয়, তবে আপনার স্কুলের ল্যান্ড্রুয়েজ অ্যাকসেস কোঅর্ডিনেটর অথবা প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।

বিনীত,

প্রিন্সিপ্যাল